দর্শনায় গাঁজাসহ এক জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে গাঁজাসহ এক জনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী মুকুল মিয়া (২৪) চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার গ্রাম নাস্তিপুরের মৃত জাহাঙ্গীর আলমের ছেলে।

পুলিশ জানায় আজ বিকাল সাড়ে ৪ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে ওসি মাহবুব এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা ছয়ঘড়িয়া প্রাইমারি স্কুলের সামনে হতে ২ কেজি গাঁজাসহ গ্রেপ্তার করা হয় মুকুল মিয়া
(২৪) কে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদক মামলা দায়ের করা হয়েছে।

এদিকে দর্শনা থানার নতুন ওসি মাহবুব রহমানের যোগদান বেশিদিন না হতেই মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের ঘুম নষ্ট হয়ে গেছে। একে একে ধরা পড়ছে মাদকের চালান।

এ বিষয়ে ওসি মাহবুব রহমান জানান মাদক অভিজান আরো কঠোর করা হবে এবং দর্শনা থানা মাদক মুক্ত করে ছাড়বো।

মুজিবনগরে আট জনের ৪ হাজার ২’শ টাকা জরিমানা

মুজিবনগরে সরকারী নির্দেশনা না মেনে অকারনে রাস্তায় ঘোরাফেরা করার অপরাধে কিছু ব্যাক্তি ও ঔষাধের দোকানে ভীড় করে ঔষাধ বিক্রির অপরাধে ফার্মেসীর দোকানে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার বিকালে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে এ অভিযান চালানো হয়।

অভিযান পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী।

এ সময় মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম উপস্থিত ছিলেন।

অভিযান চলাকালীন সময়ে মোট ৮ জনের কাছ থেকে ৪ হাজার ২ শত টাকা জরিমানা করা হয়।

মুজিবনগরে বাড়ি বাড়ি যেয়ে সরকারি খাদ্য সামগ্রী দিয়ে আসছে প্রশাসন

সারা বাংলাদেশের ন্যায় করোনা ভাইরাসের প্রভাবে মেহেরপুর জেলা লকডাউন ঘোষনা করার পরা বসে থাকা দিনমুজুর দরিদ্র অসহায় ব্যাক্তিদের বাড়ি বাড়ি যেয়ে খাদ্য সামগ্রী দিয়ে আসছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

বুধবার বিকালে সরাকারি সহায়তা ও জনপ্রশাসন মন্ত্রালয়ের ব্যাক্তিগত উদ্যেগে সকল খাদ্য সামগ্রী বিতরন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী ও মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম।

এ সময় মুজিবনগর উপজেলার ১ হাজার জন চা বিক্রেতা ও সেলুন দোকানদারদের মাঝে এ সকল খাদ্য সামগ্রী বিতরন করা হয়।

[redacted]

[redacted]

মেহেরপুর সাব রেজিস্ট্রি অফিসে কাজ করতেন। তিনি এলাকার মানুষের সাথে কম মেলামেশা করতেন। তার কোন আত্মীয় বিদেশ ফেরত নন আবার তিনিও কোথাও যান নি। তবে দীর্ঘদিন তিনি অ্যাজমা রোগে ভুগছিলেন এবং মেহেরপুর সদর হাসপাতালে চিকিৎসা নেন। যদি সে করোনায় আক্রান্ত হয় তাহলে সদর উপজেলার অনেকেই আক্রান্ত হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) সাদিয়া সুলতানা জানান, অসুস্থ রোগীটি করোনায় আক্রান্ত কি না এখনও নিশ্চিত নয়। তার পরও তাকে আইসোলেশনে রেখে নমুনা সংগ্রহ করে ঢাকাতে প্রেরণ করা হয়েছে।

সেই সাথে সিভিল সার্জনের অনুরোধে মেহেরপুর জেলা প্রশাসন গ্রামটিকে লকডাউন ঘোষণা দেন। তিনি আরো জানান, এটি মারাত্মক ছোঁয়াচে রোগ তাই সকলেরই ভয় পাওয়া স্বাভাবিক ব্যাপার। রোগীদেরকে বোঝানোর পরও তারা হাসপাতাল ছেড়েছে। নতুন কোন রোগী আসেনি। তবে সকলকে আঙ্কঙ্কিত না হবার অনুরোধ জানান তিনি।

কুষ্টিয়া জেলা তাঁতীলীগের উদ্যোগে কর্মহীন মানুষদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

করোনাভাইরাস সংক্রমণের প্রভাবে কর্মহীন মানুষদের পাশে দাঁড়িয়েছেন কুষ্টিয়া জেলা তাঁতীলীগের নেতৃবৃন্দ।

বুধবার সকালে কুষ্টিয়ার বিভিন্ন এলাকায় শতাধিক কর্মহীন, অসহায় গরীব মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

তাঁতীলীগ কুষ্টিয়া জেলা শাখার সদস্য সচিব হারুন-অর-রশিদ, আহবায়ক রুহুল আমিন, সিনিয়র যুগ্ন-আহ্বায়ক সরওয়ার হোসেন, যুগ্ন-আহ্বায়ক বিপ্লব হোসেন বিপুল, আবু হাসান লিটনসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

তাঁতীলীগ নেতৃবৃন্দরা বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে মানুষকে

ঘরের মধ্যে কাটাতে হচ্ছে। তাই কর্মহীন হয়ে পড়েছে খেটে-খাওয়া দিনমজুর এসব মানুষগুলো।

তাই সামাজিক দায়বদ্ধতা থেকে আনরা জেলা শাখার উদ্যোগে এসব কর্মহীন মানুষের মাঝে একটু সহযোগিতার হাত বাড়িয়ে দিতে চেষ্টা করে যাচ্ছি। এভাবে অসহায় দিনমজুরদের পাশে সহযোগিতার জন্য সমাজের বিত্তশালীসহ জনপ্রতিনিধিদের এগিয়ে আসার আহবান জানান।

স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম বিতরণ করেছে সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিট

করোনাভাইরাস প্রতিরোধে সামাজিক কার্যক্রমের অংশ হিসেবে স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম বিতরণ করেছে বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিট।

আজ বুধবার বেলা সাড়ে ১১টায় চুয়াডাঙ্গা রেল বাজারে ১০০ জন দুস্হ নারী-পুরুষের মাঝে ওই স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম মাস্ক, হ্যান্ড গ্লোব, সাবান বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজিব হাসান কচি, সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, এটিএন বাংলা প্রতিনিধি রফিক রহমান, দৈনিক সময়ের সমীকরণের নির্বাহী সম্পাদক নাজমুল হক স্বপন, প্রেসক্লাবের সহ-সভাপতি কামাল উদ্দিন জোয়ার্দার, ৭১ টিভির জেলা প্রতিনিধি এম এ মামুন, জিটিভির জেলা প্রতিনিধি রিফাত রহমান, সাংবাদিক সমিতির কার্যনির্বাহি সদস্য জহির রায়হান সোহাগসহ, সনজিত কুমার, পলাশ উদ্দিন, আহসান আলম, মফিজ জোয়াদ্দার, রেলবাজার ব্যবসায়ী সমিতির আহবায়ক সেলটন জোয়ার্দার, সদস্য ফারুক হাসান মালিকসহ অন্যরা।

এ সময় উপস্হিত অসহায় মানুষকে জানানো হয়, মুখ মন্ডলে হাত দেওয়ার আগে ও খাবার আগে ভাল করে সাবান দিয়ে হাত ধুয়ে নিতে হবে। মাস্ক

ব্যবহার করতে হবে। অযথা বাড়ি বের না হওয়ার পরামর্শ দেয়া হয়।

ঝিনাইদহে দু’পক্ষের সংঘর্ষে নারীসহ ১৫ জন আহত

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার যাদবপুর গ্রামে জমি নিয়ে বিরোধের জের ধরে দু’পক্ষের সংঘর্ষে নারীসহ অন্তত ১৫ জন আহত হয়েছে। বুধবার সকালে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, দীর্ঘদিন ধরে যাদবপুর গ্রামের জব্বার হোসেনের সাথে একই এলাকার উজ্জল হোসেনের জমি নিয়ে বিরোধ চলে আসছিল। বুধবার সকালে এ নিয়ে উভয় পক্ষের মধ্যে শালিসি বৈঠক অনুষ্ঠিত হয়।

এক পর্যায়ে তারা কথা-কাটাকাটির জের ধরে উত্তেজিত হয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয় পক্ষের অন্তুত ১৫ জন আহত হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

আহতদের মধ্যে আতিকুর রহমান, সাবিনা খাতুন, জব্বার হোসেন, পারভীনা আক্তার ও শাহানাজ পারভীনকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদের স্থানীয় ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে।

হরিণাকুন্ডু থানার ওসি আসাদুজ্জামান জানান, এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। পুনরায় সংর্ঘষ এড়াতে পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহে করোনা প্রতিরোধে

পুলিশের চেকপোস্ট

করোনার সংক্রমন প্রতিরোধ ও সচেতনতা বাড়াতে ঝিনাইদহে চেকপোস্ট কার্যক্রম শুরু করেছে পুলিশ। জেলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে সকাল থেকে এ কার্যক্রম শুরু হয়।

বুধবার সকালে শহরের পায়রা চত্বর, হামদহ, আরাপপুরসহ ৬ টি স্থানে চেকপোস্ট বসানো হয়। এসময় সামাজিক দুরত্ব বজায় রাখতে ইজিবাইকে ৬ জন এক সাথে না চলা, মোটর সাইকেলে একজনের বেশি না বসা, বাইরে অযথা ঘোরাঘুরি না করে বাড়ীতে থাকার নির্দেশ দেন।

এছাড়াও ব্যক্তিগত গাড়ি চালক ও সড়কে চলাচলকারীদের করোনা প্রতিরোধে স্বাস্থ্য বিষয়ক নানা পরামর্শ দেওয়া হয়।

এসময় জেলা ট্রাফিক ইন্সপেক্টর মো: সালাহউদ্দিন বলেন, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান’র নির্দেশে করোনার সংক্রমন রোধে সড়ক মহাসড়কে জরুরী কাজ বাদে চলাচলকারী যানবাহন ও মানুষকে ঘরে থাকতে পরামর্শ দেওয়া হয়।

পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এ কর্মসূচী চলমান থাকবে।

মেহেরপুরে টিয়া পাখি কিনে না দেওয়ায় এসএসসি পরীক্ষাথীর আত্মহত্যা

মেহেরপুরে টিয়া পাখি কিনে না দেওয়ায় ঘাস মারা বিষ খেয়ে আত্মহত্যা করেছে তুষার নামের এসএসসি পরীক্ষার্থী । তুষার মেহেরপুর শহরের ফৌজদারী পাড়ার মহসীন আলীর ছেলে। সে চলতি সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

জানা গেছে কয়েকদিন পূর্বে তুষার তার নানীর কাছে বায়না ধরে ১টি টিয়া পাখি কি না দেয়ার জন্য। তার নানি সেই টাকা দিতে না পারায় গত

তিনদিন আগে তুষার ঘাস মারা বিষ পান করে।

এতে সে মারাত্মক অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। তার অবস্থার অবনতি ঘটেছে মঙ্গলবার সকালে দিকে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়। রাতে সেখানে তার মৃত্যু হয়। এদিকে বুধবার বিকেলে তুষারের লাশ মেহেরপুর শহরে পৌঁছায়।

মেহেরপুরে কষ্টে কাটছে দিনমজুরদের দিন

করোনা ভাইরাস প্রতিরোধে সারাদেশ কার্যত লকডাউন চলছে। এসময় কাজ নে পেয়ে কঠিন সময় কাটাতে হচ্ছে মেহেরপুরের দিনমজুরদের। যাদেরকে স্থানীয় ভাষায় মুনিশ বলা হয়।
প্রতিদিন কাকডাকা ভোরে মেহেরপুরের বিভিন্ন গ্রাম থেকে এসকল দিনমজুররা দা, কাস্তে, কোদাল, ঝুড়ি নিয়ে শহরের হোটেল বাজার যাদবপুর মোড়ে অবস্থান করে। যার যার প্রয়োজনে চুক্তির মাধ্যমে তাদের কাজের জন্য নিয়ে যায়। কিন্তু দিনচারেক ধরে তাদের কেউ কাজে নিচ্ছেন না। ফলে একটি সময় সেখানে থাকার পর খালি হাতে বাড়ি ফিরতে হচ্ছে।
সদর উপজেলার বুড়িপোতা গ্রামের সাহাবুদ্দিন জানান, আমার বাড়িতে ৫ জন সদস্য । আমি খেটে খাই। এই ভাইরাসের কারণে চার-পাঁচ দিন কোন কাজ পাইনি।
একই ভাবে তাদের দুর্দশার কথা জানান মোনাখালী গ্রামের মান্নান ,মিয়ারুল, আশরাফপুর গ্রামের ইজারুল, বামনপাড়ার ভিকু, দারিয়াপুরের সালামসহ দেড় শতাধিক দিনমজুর।
তারা জানায়, এই ভাইরাসের কারণে শুনছি সরকার চাল, ডাল দিচ্ছে। কিন্তু আমাদের মধ্যে এখনো কেউ এ সাহায্য পাইনি। পেট তো আর ভাইরাস মানছে না। ছেলে মেয়েদের মুখে খাবার দিতে হলে আমাদের কাজে যেতেই হয়।
এ ব্যাপারে সদও উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম জানান, যে কোন অভাবী মানুষ এ সাহায্য পাওয়ার দাবি রাখে। আমাদের কাছে আসলেই

তাদের এই ত্রাণ দেওয়ার ব্যবস্থা করবো।